অপর পদগুলি সঞ্চারী ও আভোগর ন্যায় গেয়।

খাম্বাজ—মধ্যমান।

ষষ্ঠ হেনেরি রাজ ত্যজিলে জীবন,
ল্যাঙ্কেষ্ট্রীয় রাজকুল হইল পতন।
অপরবংশীয় ভূপ শাসিতে বৃটন,
বৃটনের সিংহাসন করিল গ্রহণ। ৪॥

## আস্থায়ী।

র্সা নি ধ প ম গ ম প |
ষ ষ্ঠ হে নে রি ০ রা জ

র্সা নি র্ঋ র্সা নি ধ ম ম
ত্য জি লে জী ব ন, ল্যাং কে

প ধ প ম গ গ | সা সা
ষ্ট্রী য় রা জ কু ল হ ই

গ গ ম প ॥
ল প ত ন।

## অন্তরা।

| ম ম ধ নি সাঁ নি সাঁ সাঁ |

অ প র বং শী য় ভূ প

প সাঁ সাঁ ঋঁ নি ধ নি ধ

শা সি তে বৃ ট ন, বৃ ট

প প ধ প ম গ | সাঁ সা

নে র সিং হা স ন ক রি

গ গ ম প ঃঃ

ল গ্র হ ণ।

# চতুর্থ পরিচ্ছেদ।

## ইয়র্কীয় বংশ।


### চতুর্থ এডোয়ার্ড।*

খাম্বাজ—একতালা।


শরতের সুবিমল,
সুনীল গগনতল
নিরমল শশধরে
যথা শোভা পায়,
মণিময় সুশোভন
বৃটনীয় সিংহাসন
তেমতি শোভিল পেয়ে
নবীন রাজায়।
দিবা অবসানকালে
যেমতি নভস-ভালে
গোধূলি নক্ষত্র ঝকে
উজল বিভায়;
ইয়র্কীয় রাজকুলে
ভুষি রাজ গুণমালে
সেইমত এডোয়ার্ড
শোভিলা শোভায়।


* ১৪৪৩ খৃঃ জন্ম। ১৪৬৯ খৃঃ রাজ্যারম্ভ। ১৪৮৩ খৃঃ মৃত্যু। ইনি রিচার্ড অব্ ইয়র্কের পুত্র।

## আস্থায়ী।



ধ প ম গ সা গ ম প
শ র তে র সু বি ম ল
প প ধ ধ ধ ধ ধ নি
সু নী ল গ গ ন ত ল
সাঁ নি ধ ম প প সাঁ সাঁ নি সাঁ
নি র ম ল শ শ ধ রে য থা
ধ প ম প ধ
শো ভা পা য় ০,

## অন্তরা।


ম ম ধ নি সাঁ সাঁ নি সাঁ
ম ণি ম য় সু শো ভ ন
নি ঋঁ সাঁ ঋঁ নি সাঁ নি ধ
বৃ টী নী য় সিং হা স ন


ম ম গ ম প ধ নি সা
তে ম তি শো ভি ল পে য়ে
গ ম প ধ নি ধ
ন বী ন রা জা য়।

## সঞ্চারী।


ধ প ম গ ম প ধ ম প
দি বা অ ব সা ন ০ কা লে
গ ম প ধ ধ ধ নি প ধ
যে ম তি ন ভ স • ভা লে
ধ সা নি সা ধ সা নি সা
গো ধু লি ক্ষ ত্র ঝ কে
গ ম প ধ নি ধ
উ জ ল বি ভা য়;

## আভোগ।

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ম | ম | ধ | নি | র্সা | র্সা | নি | র্সা |
| ই | য় | র্কী | য় | রা | জ | কু | লে |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| নি | ঋ | র্সা | ঋ | নি | র্সা | নি | ধ |
| ভূ | ষি | রা | জ | গু | ণ | মা | লে |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ম | ম | গ | ম | প | ধ | নি | র্সা |
| সে | ই | ম | ত | এ | ডো | য়া | র্ড |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| গ | ম | প | ধ | নি | ধ | ঃঃ |
| শো | ভি | লা | শো | ভা | য়। | |

হিতহেতু সবিশেষ,
উন্নতির একশেষ
মুদ্রাযন্ত্র স্থাপিলেন
সেই মহাজন;
অক্ষয় কালের মত
এ সুযশ অবিরত
অক্ষয় হইল তাঁর
ভরিয়া ভুবন। ১॥

এই অংশ সঞ্চারী ও আভোগের ন্যায় গেয়।

## পঞ্চম এডোয়ার্ড।*

জংলা-লুম—একতালা।

পিতা পরলোকে গেলে কিছু দিন সিংহাসনে
বসিয়া শাসিলা রাজ্য মিলিয়া অমাত্যগণে ॥ ২ ॥

### আস্থায়ী।

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ম | গ | ঋ | সা | নি | ঋ | গ | সা | ম | গ |
| পি | তা | প | র | লো | কে | গে | লে | কি | ছু |

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ঋ | সা | নি | ঋ | সা | সা | ঋ | ঋ | ম | ম |
| দি | ন | সিং | হা | স | নে | ব | সি | য়া | শা |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| প | প | ম | গ | ঋ | প | ম | গ | ঋ |
| সি | লা | রা | ০ | জ্য | মি | লি | য়া | অ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ঋ | ম | গ | ঋ | সা | |
| মা | ত্য | গ | ০ | ণে | :: |

* ১৪৭১ খৃঃ জন্ম। ১৪৮৩ খৃষ্টাব্দের ৯ই এপ্রিল হইতে ২৪এ জুন পর্য্যন্ত রাজ্য-শাসন। ইনি রাজা চতুর্থ এডোয়ার্ডের জ্যেষ্ঠ পুত্র।

## তৃতীয় রিচার্ড ক্রুক্ব্যাক্।*

পাহাড়ী জংলা—ঠুংরি।

তৃতীয় রিচার্ড ভুপ লভি সিংহাসন,
কিছু কাল রাজ্য শাসি ত্যজিলা জীবন।
ইয়র্কীয় রাজকুল
তাঁহার সহিত হায়,
প্রাতে তারাদলসম
হইল মগন ॥ ৩ ॥

### আস্থায়ী।

| ১ | ০ | + | ০১ | ০ | + | ০ | ১ | ০ |
|---|---|---|---|---|---|---|---|---|
| সা | সা | ঋ | গ | সা | ঋ | ম | ম | ম |
| তৃ | তী | য় | রি | চা | ০ | র্ড | ভূ | প |

| + | ০ | ১ | ০ | + | ০ ১০ | + | ০ | ১ | ০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| গ | গ | ঋ | ঋ | সা | সা | ম | ধ | ধ | ধ |
| ল | ভি | সিং | হা | স | ন, | কি | ছু | কা | ল |

| + | ০ | ১ | ০ | +০ | | ১ | ০ | + | ০ ১০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| প | ধ | প | গ | ম | ধ | প | ম | গ | গ |
| রা | জ্য | শা | সি | ত্য | জি | লা | জী | ব | ন। |

* ১৪৫২ খৃঃ জন্ম। ১৪৮৩ খৃঃ রাজ্যারম্ভ। ১৪৮৫ খৃঃ মৃত্যু। ইনি রাজা পঞ্চম এডোয়ার্ডের পিতৃব্য।

## অন্তরা।

| + | ০ | ১ | ০ | + | ০ | ১ | ০ | + | ০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ম | ম | ম | ম | প | প | প | প | ধ | ধ |
| ই | য় | কী | য় | রা | জ | কু | ল | তাঁ | হা |

| ১ | ০ | + | ০ | ১ | ০ | + | ০ | ১ | ০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ধ | ধ | প | প | ম | গ | ম | ধ | ধ | ধ |
| র | স | হি | ত | হা | য়, | প্রা | তে | তা | রা |

| + | ০ | ১ | ০ | + | ০ | ১ | ০ | + | ০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| প | প | ম | গ | ম | ধ | প | ম | গ | গ |
| দ | ল | স | ম | হ | ই | ল | ম | গ | নঃঃ |

# পঞ্চম পরিচ্ছেদ।

## টিউডার্ বংশ।

### সপ্তম হেনেরি।*

বেহাগ—একতালা।

বাসব সমান ভীম বলশালী
সপ্তম হেনেরি প্রজাকুলপালী
বসিলা আসনে, যথা অংশুমালী
পূরব গগনে উদিত হয়।
তাঁরি রাজ্যকালে অতি বিস্তারিত
আমেরিকা দেশ হ'ল আবিষ্কৃত;
ভারতে আসার পথ প্রকাশিত
বণিক্ দিগের তাঁরি সময়।
গোলাপ-সমর তাঁহারি সময়
হ'ল অবসান, যেমতি বিলয়
হয় রে অনল, যদি বরিষয়
জলদ শীতল সলিল রাশি।
টিউডার্-কুলে তিনি আদিরাজ;
প্রশংসিত তাঁরে মানবসমাজ;
ধরম নিয়মে শাসি রাজকাজ,
চরমে হইলা স্বরগবাসী ॥১॥

* ১৪৫৫ খৃঃ জন্ম। ১৪৮৫ খৃঃ রাজ্যারম্ভ। ১৫০৯ খৃঃ মৃত্যু। ইনি রাজা তৃতীয় এডোয়ার্ডের দ্বিতীয়াত্মজ জন অব্ ঘেণ্টের প্রপৌত্র।

## আস্থায়ী।

গ ম প নি নি নি | র্সা র্সা র্সা র্সা
বা স ব স মা ন ভী ম ব ল

র্সা র্সা র্সা র্সা র্সা র্সা র্ঋ র্সা | নি ধ
শা লী স প্ত ম হে নে রি প্র জা

প র্সা নি নি র্সা র্সা র্সা র্সা প ধ |
কু ল পা লী ব সি লা আ স নে

নি র্সা নি ধ প ম গ ম প ম
য থা অং শু মা লী পূ র ব গ

গ ম | প ম গ সা সা ||
গ নে উ দি ত হ য়া

## অন্তরা।

প প নি নি নি নি | র্সা র্সা র্সা র্সা র্সা সা
তাঁ রি রা জ্য কা লে অ তি বি স্তা রি ত

১ +
সাঁ সাঁ সাঁ সাঁ ঋঁ সাঁ | নি ধ প সাঁ
আ মে রি কা দে শ হ ল আ বি

১ ১ +
নি নি সাঁ গঁ ঋঁ মঁ গঁ গঁ | সাঁ সাঁ
স্কৃ ত; ভা র তে আ সা র প থ

১ ১
ঋঁ সাঁ সাঁ সাঁ প ধ নি সাঁ নি ধ |
প্র কা শি ত ব ণি ক দি গে র

+ ১ ১
প ম গ গ গ গ ম গ ম গ ম |
তাঁ রি স ম য়। (পু র ব গ গ নে

+ ১
প ম গ সা সা ||
উ দি ত হ য়)

## সঞ্চারী।

১ +
সা সা সা প প প | প প প প
গো লা প স ম র তাঁ হা রি স

১ ১ +
প প প ধ নি সাঁ নি ধ | প ম
ম য় হ ল অ ব সা ন, যে ম

১ ১
ম গ গ গ গ গ গ গ গ গ |
তি বি ল য় হ য় রে অ ন ল,

+ ১ ১
প ম ম গ গ গ গ ম প ম
য দি ব রি ষ য় জ ল দ শী

+ ১
গ ম | প ম গ সা সা ‖
ত ল স লি ল রা শি।

## আভোগ।

১ +
প প নি নি নি নি | সাঁ সাঁ সাঁ সাঁ
টি উ ভা র কু লে তি নি আ দি

১ ১
সাঁ সাঁ সাঁ সাঁ সাঁ সাঁ ঋঁ সা |
রা জ, প্র শং সি ত তাঁ রে

নি ধ প সাঁ নি নি সাঁ গঁ
মা ন ব স মা জ; ধ র

ঋঁ মঁ গঁ গঁ | সাঁ সাঁ ঋঁ সাঁ
ম নি য় মে শা সি রা জ

সাঁ সাঁ প ধ নি সাঁ নি ধ | প ম
কা জ, চ র মে হ ই লা স্ব র

গ গ গ গ ম প ম গ ম |
গ বা সী। (পূ র ব গ গ নে

প ম গ সা সা ঃঃ
উ দি ত হ য়)।

## অষ্টম হেনেরি।*

সিন্ধু—কাওয়ালী।

বিজ্ঞজন-মাননীয় অষ্টম হেনেরি বীর,
জনক ত্যজিলে প্রাণ, মুকুটে ভূষিলা শির।
অনুপম ভুজবলে
স্কট্‌লণ্ডীয় অরিদলে
হারাইলা, হরি যথা
করীরে করে অধীর ॥২॥

### আস্থায়ী।

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ০ | | | | ১ | ∆ | | |
| সা | সা | ঋ | ঋ | ঋ | গ | ম | প |
| বি | জ্ঞ | জ | ন | মা | ন | নী | য় |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| + | ∆ | | | ১ | ∆ | | |
| ধ | নি | ধ | প | ম | গ | ঋ | সা |
| অ | ষ্ট | ম | হে | নে | রি | বী | র |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ০ | | | | ১ | ∆ | | |
| প | র্সা | র্সা | র্ঋ | র্সা | নি | ধ | প |
| জ | ন | ক | ত্য | জি | লে | প্রা | ণ |

*১৪৯১ খৃঃ জন্ম। ১৫০৯ খৃঃ রাজ্যারম্ভ। ১৫৪৭ খৃঃ মৃত্যু। ইনি রাজা সপ্তম হেনেরির দ্বিতীয় পুত্র।

ধ নি ধ প ম গ ঋ সা ||
মু কু টে ভূ ষি লা শি র।

**অন্তরা।**

ম ম প ধ নি সাঁ নি সাঁ |
অ নু প ম ভু জ ব লে

নি নি সাঁ ঋঁ সাঁ নি ধ ম
স্ফট্ ল ণ্ডী য় অ রি দ লে

প সাঁ সাঁ ঋঁ সাঁ নি ধ প |
হা রা ই লা, হ রি য থা


ধ নি ধ প ম গ ঋ সা
ক রী রে ক রে অ ধী র ঃঃ

## ষষ্ঠ এডোয়ার্ড।*

কালাংড়া—শ্লথ-ত্রিতালী।

অষ্টম হেনেরি রাজা জীবন ত্যজিলে পর,
এডোয়ার্ড বসিলেন সুখে সিংহাসনোপর।
বাহুবলে রাজা হয়ে,
সুখে প্রজাগণে লয়ে,
শাসিয়া বৃটন দেশ,
ত্যজিলেন কলেবর ॥৩॥

### আস্থায়ী।




* ১৫৩৭ খৃঃ জন্ম। ১৫৪৭ খৃঃ রাজ্যারম্ভ। ১৫৫৩ খৃঃ মৃত্যু। ইনি রাজা অষ্টম হেনেরির জ্যেষ্ঠ পুত্র।

## অন্তরা।

সা সা ঋ সা | ঋ সা নি সা

বা হু ব লে রা জা হ য়ে,

নি ঋ সা সা | নি নি ধ প

সু খে প্র জা গ ণে ল য়ে,

গ ম প ধ | প নি ধ প নি ঋ

শা সি য়া বৃ ট ন দে শ, ত্য জি

সা সা | নি নি ধ প ম ম গ সা |

লে ন ক লে ব র। (জী ব ন ত্য

গ ম প ম গ


জি লে ০ প র) ঃঃ

## প্রথম মেরী।*

সোহিনী—শ্লথ-ত্রিতালী।

বসন্ত আইলে যথা
হরষে মাধবী লতা
কুসুম - ভূষণ পরি
মঞ্চোপরি শোভা পায় ;
বৃটনের সিংহাসনে
মণিময় বিভূষণে
শোভিলা প্রথম মেরী
তেমতি চারু শোভায়।
দুর্জ্জয় বৃটন দেশ
বীরতার একশেষ,
হৃদে ধরি সিংহাসন
মেরীরে বসা'ল তায় ;
জ্ঞানীর জনমভূমি,
স্বাধীনতা মণি-খনি
বৃটন রমণী - রাজ্য
প্রথমে তাঁরি দ্বারায় ॥৪॥

### আস্থায়ী।




*১৫১৬ খৃঃ জন্ম। ১৫৫৩ খৃঃ রাজ্যারম্ভ। ১৫৫৮ খৃঃ মৃত্যু। ইনি রাজা ষষ্ঠ এডোয়ার্ডের বৈমাত্রেয় ভগিনী।

নি নি | সা সা নি নি ধ ধ ধ

যে মা ধ বী ল তা ০ কু সু

নি নি | সা গ ঋ সা নি সা ঋ গ |

ম ভূ ষ ণ প রি ম ঞ্চো প রি

ঋ সা নি নি ধ ||

শো ভা পা য় ০ ;

অন্তরা।

ধ ধ নি সা | ঋ সা নি সা

বৃ টে নে র সিং হা স নে

নি নি ধ ধ | ধ নি নি নি

ম ণি ম য় বি ভূ ষ ণে


ম ম গ গ | ম ধ নি সা

শো ভি লা প্র থ ম মে রী


নি সা ঋ গ | ঋ সা নি নি ধ ||


তে ম তি চা রু শো ভা য় ০।

## সঞ্চারী।


নি সা ঋ সা নি ধ ম গ ম গ
দু র্জ্জ য় বৃ ট ন দে শ বী র
ম ধ ম গ ঋ সা নি সা ঋ গ
তা র এ ক শে ষ হৃ দে ধ রি
ঋ সা নি ধ ধ নি সা গ ম গ
সিং হা স ন মে রী রে ব সা ল
ঋ সা
তা য়;

## আভোগ।


ধ ধ নি সা ঋ সা নি সা
জ্ঞা নী র জ ন ম ভূ মি,
নি নি ধ ধ ধ নি নি নি ম ম
স্বা ধী ন তা ম ণি খ নি বৃ ট




## এলিজাবেথ্।*

ঝিঝিট—একতালা।

মেরী রাণী যবে ত্যজিলা জীবন,
সে সময়ে এলিজাবেথ্ বৃটন
লভিলা; রমণী তাঁহার মতন
ধরণী মাঝারে বিরল অতি;
রূপগুণবতী বিনয়-শালিনী,
রাজগুণাবলী-মালিকা-মালিনী,
দীনহীন-দুখি-অনাথ-পালিনী,
সাহিত্যেতিহাসে অচলমতি।


---

* ১৫৩৩ খৃঃ জন্ম। ১৫৫৮ খৃঃ রাজ্যারম্ভ। ১৬০৩ খৃঃ মৃত্যু। ইনি রাজা ষষ্ঠ এডোয়ার্ডের বৈমাত্রেয় ভগিনী।

† মধ্যম গ্রাম করিয়া স্বর বিন্যস্ত হইয়াছে। প্রকৃত ঠাট্ নি।

বৃটন মাঝারে তাঁহার সময়ে
হইল উন্নতি সাহিত্য বিষয়ে;
কবি সেক্‌সপীর অমর কবিতা
লিখিয়া সুযশ লভিলা অতি;
স্পেন্সার আদি সিডনে, বেকন্‌
সে সময়ে ছিলা বৃটন-ভূষণ,
পূরাইলা যশে নিখিল ভুবন,
ফুল-বাসে বন পূরে যেমতি।

## আস্থায়ী।



গ ম | প ধ নি ধ ধ ||
ঝা রে বি র ল অ তি;

অন্তরা।

নি ধ প ম ম প | প নি নি ধ
রূ প গু ণ ব তী বি ন য় শা

ধ ধ নি ধ নি ধ নি র্সা |
লি নী, রা জ গু ণা ব লী


র্সা র্ঋ র্ঋ র্সা নি ধ নি নি
মা লি কা মা লি নী, দী ন

নি নি নি নি | নি নি র্সা নি
হী ন দু খি অ না থ পা

নি নি ধ ধ প প ম ম |
লি নী, সা হি ত্যো তি হা সে

প ধ নি ধ ধ ||
অ চ ল ম তি।

## সঞ্চারী।


ম ম ম ম ম ম | ম গ
র ট ন মা ঝা রে তাঁ হা
ঋ সা সা ঋ সা ঋ ম প
র স ম য়ে হ ই ল উ
ম প | ম নি নি ধ ধ ধ
ন্ন তি সা হি ত্য বি ষ য়ে;
নি ধ নি সাঁ ঋ সাঁ | সাঁ নি ধ প
ক বি সেক্ স পী র অ ম র ক
ম ম ম প ধ নি ধ প | প সাঁ
বি তা লি খি য়া সু য শ ল ভি
নি নি ধ ‖
লা অ ড়ি ;

## আভোগ।

নি ধ প ম ম প | প নি
স্পে ন্ সা র আ দি সি ড

নি ধ ধ ধ নি ধ নি ধ
নে, বে ক ন সে স ম য়ে

নি সাঁ | ঋঁ ঋঁ ঋঁ সাঁ নি ধ নি নি
ছি লা বৃ ট ন ভু ষ ণ, পূ রা

নি নি নি নি | নি নি সাঁ নি নি নি
ই লা য শে নি খি ল ভু ব ন,

ধ ধ প প ম ম | প ধ নি ধ ধ ::
ফু ল বা সে ব ন পূ রে যে ম তি।

অসুরপ্রকৃতি স্পেনের ভূপতি
ফিলিপ্ কুমতি, তাঁহার সংহতি
করিয়া সমর হ'ল পরাজিত,
অনলে পতঙ্গ হয় যেমতি।

তাঁহার নিকটে ইষ্ট ইণ্ডিয়া,
কোম্পানি বণিজি সনন্দ পাইয়া,
জলযান-যোগে ভারতে আসিয়া,
ভারতের শুভ করিল অতি।
কেন না, আমরা সে কোম্পানি হ'তে
পাইয়াছি ত্রাণ যবন হইতে;
সেহেতু সনন্দ-দায়িনী রাণীরে
ভকতি সহিত করি প্রণতি।
যবে সেই রাণী স্বর্গ কামনায়,
ত্যজিয়া অনিত্য মানবলীলায়,
মুদিলা নয়ন, নিবিল তাহায়
টিউডার-কুল-উজল-ভাতি ॥ ৫ ॥

এই পদগুলি সঞ্চারী ও আভোগের ন্যায় গেয়।

# ষষ্ঠ পরিচ্ছেদ।

## ষ্টুয়ার্ড বংশ।


### প্রথম জেম্‌স।*

খাম্বাজ—শ্লথ ত্রিতালী।


ষ্টুয়ার্ড কুলের আদি পুরুষ ধীমান্
প্রথম জেম্‌স রাজা বীরতা-নিধান
বসিলেন সিংহাসনে,
সুকম কুসুমবনে
কিসলয়-কোলে-নব
কুসুম সমান।
ইংলণ্ড স্কট্‌লণ্ড ভূমি
তাঁহারি শাসনকালে,
আলিঙ্গি উভয়ে হ'ল
এক কলেবর ;—
দুদিক্ হইতে যথা
দুইটী কুসুম লতা
একত্রে মিলিত হয়ে
জুড়ায় নয়ান।

* ১৫৬৬ খৃঃ জন্ম। ১৬০৩ খৃঃ রাজ্যারম্ভ। ১৬২৫ খৃঃ মৃত্যু। ইনি স্কট্‌লণ্ডের রাণী মেরীর পুত্র।

## আস্থায়ী।


ষ্টু য়া র্ড কু লে র আ দি পু রু
ষ ধী মা ন প্র থ ম জে ম্ স
রা জা বী র তা নি ধা ন ব সি
লে ন সিং হা স নে, সু ক ম কু
সু ম ব নে কি স ল য় কো লে
ন ব কু সু ম স মা ন।

## অন্তরা।


ম ম ধ ধ ধ নি প ধ | নি নি
ইং ল ণ্ড স্কট্ ল ণ্ড ভূ মি তাঁ হা
সা নি সা নি সা সা নি নি নি নি
রি শা স ন কা লে, আ লি ঙ্গি উ
সা সা নি সা | নি ঋ সা নি ধ ধ
ভ য়ে হ’ ল এ ক ক লে ব র;
ম প ম নি ধ প ম গ | সা সা
দু দি ক হ ই তে য থা দু ই
গ গ ম ম প প নি নি নি নি
টী কু সু ম ল তা এ ক ত্রে মি
সা প নি সা | নি ঋ সা নি ধ প
লি ত হ য়ে জু ড়া য় ন য়া ন।

তাঁহার শাসনকালে,
সার্ ওয়াল্টার রেলে
জনমিলা পরহিত
করিতে বিধান;—
লাটিন ভাষা হইতে
'বাইবেল' ইংরাজিতে
করাইলা অনুবাদ
ভূপ জ্ঞানবান্ ॥ ১ ॥

এই পদগুলি অন্তরার ন্যায় গেয়।

---

## প্রথম চার্লস*।

পিলু †—খেম্‌টা।


প্রথম চার্লস ভূপ বৃটন-শাসন-ভার
লইলেন অতঃপর ভুজবলে আপনার।
হইয়া যতনপর
প্রজাদের সুখকর
প্রথম সম্বাদপত্র
করিলেন সুপ্রচার।

---


* ১৬০০ খৃঃ জন্ম। ১৬২৫ খৃঃ রাজ্যারম্ভ। ১৬৪৯ খৃঃ মৃত্যু। ইনি রাজা প্রথম জেম্‌সের দ্বিতীয় পুত্র।

† পঞ্চম গ্রাম করিয়া স্বর বিন্যস্ত হইয়াছে। প্রকৃত ঠাট গা ধা।

## আস্থায়ী।


ঋ ঋ ম ম প প ধ প
প্র থ ম চার্ ল স ভু প
প প ধ ম প নি ধ ধ
বৃ ট ন শা স ন ভা র
ধ ধ ধ ধ ধ নি ধ প
ল ই লে ন অ তঃ প র
ম ম প ধ প ম গ ঋ সা
ভু জ ব লে আ প না ০ র।

## অন্তরা।


প প প প ধ সা ঋ ঋ
হ ই য়া যঁ ত ন প র
ঋ ম গ ঋ সা ঋ সা নি ধ
প্র জা দে র সু খ ক ০ র

| ধ ধঁ ধ ধঁ | ধ নি ধ পঁ |
প্র থ ম সং বা দ প ত্র

| ম মঁ প ধঁ | প ম গ ঋ সাঁ
ক রি লে ন সু প্র চা ০ র ::

তাঁহারি রাজত্বকালে,
বৈজ্ঞানিক জ্ঞানীদলে
তাপমান, বায়ুমান
যন্ত্র করে আবিষ্কার ॥ ২ ॥

এই পদটি অন্তরার ন্যায় গেয়।

---

## সাধারণ তন্ত্র।*

বেহাগ—একতালা।

অভিনব বিকসিত,
চারুবাস-সুবাসিত
কুসুমেরে কীটকুল
কাটেরে যেমতি, হায়!

---

* ১৬৪৯ খৃষ্টাব্দ হইতে ১৬৬০ খৃষ্টাব্দ পর্য্যন্ত।

কুচক্রী মানবগণ
হরিয়া জীবন ধন
চার্লসের, সেইরূপ
অকালে নাশিল তাঁয়!
চার্লস মরিলে পর,
সাধারণতন্ত্রপর
হইল ইংলণ্ডভূমি
জ্ঞানীকুল মন্ত্রণায়;—
বিজ্ঞ প্রজাগণ যারা,
একমত হয়ে তারা
অলিবর ক্রময়েলে*
করিল নায়ক তায়!

## আস্থায়ী।

প ম গ ম | প নি নি | সা প প
অ ভি ন ব বি ক সি ত চা রু


প ধ | প ম গ গ | গ ম প ম |
বা স সু বা সি ত কু সু মে রে

গ গ স্ক সা | নি সা প প | প ম গ | সা ||
কী ট কু ল কা টে রে যে ম তি, হা য়!


---

* ১৫৯৯ খৃঃ জন্ম। ১৬৫৩ খৃঃ লর্ড প্রোটেক্টর হওন। ১৬৫৮ খৃঃ মৃত্যু।

## অন্তরা।


প প নি নি সা সা সা সা সা সা
কু চ ক্রী মা ন ব গ ণ হ রি
ঋ সা নি ধ প নি গ গ গ ম
য়া জী ব ন ধ ন চা র্ল সে র,
প নি নি সা নি ধ নি প ম
সে ই রূ প অ কা লে না শি
গ সা নি সা
ল তাঁ ০ য়।

## সঞ্চারী।


সা সা প প প প প প প ধ
চা র্ল স ম রি লে প র, সা ধা
নি ধ প ম গ গ গ গ গ ম
র ণ ত ন্ত্র প র হ ই ল ইং

প প নি নি | সা গ ঋ ম | গ

ল ও ভু মি জ্ঞা নী. কু ল ম

ঋ সা | নি ||

ন্ত্র ণা য়;

আভোগ।

প প নি নি | সা সা সা সা | সা সা

বি. জ্ঞ প্র জা গ ণ যা রা, এ ক

ঋ সা | নি ধ প নি | গ গ গ ম |

ম ত হ য়ে তা রা অ লি ব র

প নি নি সা নি ধ | নি প ম |

ক্র ম য়ে লে ক রি ল না য়

গ সা নি | সা ::

ক তা ০ য়।

সমরকুশল অতি,
শাণিত সুধারমতি
অলিবর ক্রময়েল
করি নব রণোপায়,

হলণ্ডীয় অরিগণে
জলযুদ্ধ মহারণে
পরাজয়ি ভুজ-বলে,
করিলা জ্যামেকা জয়।
মধুর বচন কবি
মিল্টন বৃটন-রবি
জনমিলা সেই কালে
ভুষি কাব্য-বিভুষায়;
যাঁহার লেখনী হ'তে
অপূর্ব্ব সুধার স্রোতে
আজিও বৃটন ভূমি
হরষে ভাসিয়া যায়॥ ৩॥

এই পদগুলি সঞ্চারী ও আভোগের ন্যায় গেয়।

---

## দ্বিতীয় চার্লস্।*

ইমন্‌কল্যাণ—একতালা।

নিবিড় জলদ ভেদি যেমতি রবির কর
উজলে তুষারাবৃত হিমালয় মহীধর;
দ্বিতীয় চার্লস ভূপ
সেইরূপ ভেদ করি
সাধারণ তন্ত্র, সুখে
বসিলা আসনোপর।

---

* ১৬৩০ খৃঃ জন্ম। ১৬৪৯ খৃঃ রাজ্যারম্ভ। ১৬৬০ খৃঃ পুনঃ রাজ্যপ্রাপ্তি। ইনি প্রথম চার্লসের জ্যেষ্ঠ পুত্র।

বিশ্বসিত সেনাগণ,
বিশ্বসিত প্রজাগণ
আছিল তাঁহার পাশে
অচল ভকতিপর;
সে ভূপ যতন সহ
স্থাপিলা বৃটন মাঝে
"রয়েল্ সোসাইটী" নামে
সভা এক মনোহর ॥ ৪॥

**আস্থায়ী।**

ধ নি ধ প | প ম গ গ | ঋ গ
নি বি ড় জ ল দ ভে দি ০ যে

ঋ গ প | গ গ ঋ সা সা | সা সা
ম তি র বি র ০ ক র উ জ

সা ঋ | প গ গ গ ঋ | গ গ
লে ভু বা রা বৃ ত ০ হি মা

প ধ | নি সাঁ ধ নি ধ | প ||
ল য় ম হী ধ র ০ ০;

## অন্তরা।

গ গ প ধ | র্সা র্সা র্ঋ র্সা | ধ ধ র্সা র্ঋ |

দ্বি তী য় চা র্ল স ভূ প সে ই রূ প

র্সা নি ধ নি ধ | প প ম গ গ |

ভে দ ক রি ০ ০ সা ধা র ণ

প ম গ ঋ | গ গ প ধ | নি র্সা

ত ন্ত্র, সু খে ব সি লা আ স নো

ধ নি ধ | প ||

প র ০ ০।

## সঞ্চারী।

সা সা সা ঋ | গ গ গ গ | গ ঋ |

বি শ্ব সি ত সে না গ ণ, বি শ্ব

গ ম | প প প প | ম প ধ নি |

সি ত প্র জা গ ণ আ ছি ল তাঁ

ধ প ম গ | গ ঋ গ ম | গ গ ঋ সা সা | ||

হা র·পা শে অ চ ল ভ ক তি ০ প র;

## আভোগ।

গ গ প ধ | সা সা ঋ সা | ধ ধ সা ঋ ||
সে ভূ প য ত ন স হ স্থা পি লা ব্

সা নি ধ নি ধ | প প ম গ গ |
ট ন মা ঝে ০ ০ র য়েল্ সো সা

প ম গ ঋ | গ গ প ধ | নি সা
ই টী না মে স ভা এ ক ম নো

ধ নি ধ | প ::
হ র ০ ০।

---


## দ্বিতীয় জেম্‌স।*

মেঘ—একতালা।


মধ্য দিবা গত হলে, যেমতি ধরণী' পরি
শেষাহ্ন বিরাজ করে মনোহর রূপ ধরি ;
সোদর মরিলে পর,
রাজ-সিংহাসনোপর
দ্বিতীয় জেমস তথা
শোভিলা মুকুট পরি ॥ ৫ ॥

* ১৬৩৩ খৃঃ জন্ম। ১৬৮৫ খৃঃ রাজ্যারম্ভ। ১৬৮৮ খৃঃ রাজ্যচ্যুত, ১৭০১ খৃঃ মৃত্যু। ইনি রাজা প্রথম চার্লসের দ্বিতীয় পুত্র।

## আস্থায়ী।


ম ম ঋ ঋ | সা সা নি সা | ঋ ম
ম ধ্য দি বা গ ত হ লে যে ০
ম ম ম ম | ম ম ম গ ঋ |
ম তি ধ র ণী প রি ০ ০
ঋ ম প প | ম প সা সা | নি প
শে যা হ্ন বি রা জ ক রে ম ০
ম ম ম | ম ম ম ম গ ঋ ||
নো হ র রূ প ধ রি ০ ০;

## অন্তরা।


ম প নি সা | সা সা নি সা | নি সা
সো দ র ম ন্নি লে প র, রা জ
ঋ ম | ঋ সা নি প | ঋ ম প প |
সিং হা স নো প র দ্বি তী য় জে

| ম | প | সাঁ | সাঁ | নি | প | ম | ম | ম |
|---|---|---|---|---|---|---|---|---|
| ম | স | ত | থা | শো | ০ | ভি | ল | মু |

| ম | ম | ম | ম | গ | ঋ | ঃঃ |
|---|---|---|---|---|---|---|
| কু | ট | প | রি | ০ | ০। | |

---

## তৃতীয় উইলিয়ম্ * ও দ্বিতীয় মেরী। †

ভূপালী—শ্লথ ত্রিতালী।

দিবাকর ধীরি ধীরি
আরোহিলে অস্তগিরি,
রোহিণী সহিত শশী
যেমতি শোভে গগনে;
তেমতি জেম্‌স ভূপ
হইলে স্বরগবাসী,
মেরী সহ উইলিয়ম্
বসিলেন সিংহাসনে।
অপর তারকাকুল
উজলি যেমতি শোভে
রোহিণী-রমণ সহ
রোহিণীর চারি ভিতে;

---

* ১৬৫০ খৃঃ জন্ম। ১৬৮৮ খৃঃ রাজ্যপ্রাপ্তি। ১৭০২ খৃঃ মৃত্যু।

† ১৬৬১ খৃঃ জন্ম। ১৬৮৮ খৃঃ রাজ্যপ্রাপ্তি। ১৬৯৪ খৃঃ মৃত্যু ইনি রাজা দ্বিতীয় জেম্‌সের জ্যেষ্ঠা কন্যা।

তেমতি সচিবগণ
উইলিয়ম্, মেরী পাশে
সচিবতা - বিভা সহ
বসিল হরষচিতে।

## আস্থায়ী।

সা ধ্ সা ঋ | গ গ প গ ঋ সা ধ্
দি বা ক র ধী রি ধী রি ০ আ রো

সা ঋ | সা ঋ গ ঋ ঋ সা গ প
হি লে অ ০ ০ স্ত গি রি, রো হি

ধ সা | ঋ সা ধ প গ ঋ গ প |
নী স হি ত শ শী যে ম তি শো

গ ঋ গ ঋ ‖
ভে গ গ নে ;

## অন্তরা।

ঋ গ প ধ | সা ধ ঋ সা ধ সা ঋ গ |
তে ম তি জে ম স ভু প হ ই লে স্ব

ঋ সা ধ প ধ প গ ঋ | গ প ধ সা

র গ বা সী মে রী স হ উই লি য় ম,

ধ প গ প | গ ঋ গ ঋ ||

ব সি লে ন সিং হা স নে।

## সঞ্চারী।

ঋ সা গ ঋ | প গ প গ প ঋ গ সা |

অ প র তা র কা কু ল উ জ লি যে

ঋ সা ঋ সা গ ঋ গ প | গ ঋ ধ় ঋ

ম তি শো ভে রো হি ণী র ম ণ স হ

ধ সা ধ প | গ ঋ গ ঋ ||

রো হি ণী র চা রি দি তে;

## আভোগ।

ঋ গ প ধ | সা ধ ঋ সা গ প ধ সা |

তে ম তি স চি ব গ ণ উই লি য় ম

\+ ১ ০ ১ | + ১ ০

ঋ সা ধ প ধ প গ ঋ | গ প ধ সা

মে রী পা শে স চি ব তা বি ভা স হ

১ | + ১ ০

ধ প গ প | গ ঋ গ ঋ ঃঃ

ব সি ল হ র ষ চি তে।

সে রাজা রাণীর গুণে
ইংলণ্ড-হৃদয়-মাঝে
স্থাপিত হইল "ব্যাঙ্ক"
সাধারণ ধনালয়;
কৈলাস ভূধরোপরে
অক্ষয় বিভবশালী
কুবেরের ধনাগার
যেন, হেন মনে হয় ॥ ৬ ॥

এই পদগুলি সঞ্চারী ও আভোগের ন্যায় গেয়।

---

## আনী।*

বসন্তবাহার—একতালা।

মহারাণী আনী হরষিত মনে
বসিলা রতনময় সিংহাসনে;
অতি দয়াবতী, অতি বুদ্ধিমতী,
বদান্যতা-গুণ-শালিনী।

---

*১৬৬৪ খৃঃ জন্ম। ১৭০২ খৃঃ রাজ্যশাসনারম্ভ। ১৭১৪ খৃঃ মৃত্যু। ইনি রাজা দ্বিতীয় জেমসের কনিষ্ঠা কন্যা।

সেনানীনিকরে, সচিব নিচয়ে
বেষ্টিত হইয়া, প্রজা পরিচয়ে
সুতের সমান পালিতেন সদা ;
ধরা যথা তরুপালিনী।
ইংলণ্ড ভূমি তাঁহারি সময়ে
স্কট্‌লণ্ড সহ একত্রিত হয়ে,
ধরিল সুনাম গ্রেট বৃটন,
আজিও সে নাম রয়েছে ;
কিন্তু রাণী আনী গেছেন চলিয়া
অমরনগরে, রাজত্ব ছাড়িয়া ;
গিয়াছে ষ্টুয়ার্ড কুল তাঁর সহ ;
আলো সহ বিভা গিয়েছে ॥ ৭॥

আস্থায়ী।

ধ নি প ম ম ম ম | ম প প ম
ম ০ হা রা ণী আ নী হ র ষি ত

গ গ ম ম ধ ধ ধ নি | প সাঁ সাঁ নি
ম নে ব সি লা র ত ন ম য় সিং হা

ধ নি নি সাঁ সাঁ নি সাঁ সাঁ | ঋঁ সাঁ সাঁ নি
স নে; অ তি দ য়া ব তী, অ তি বু দ্ধি

র্সা র্সা র্সা নি ধ নি প ম | প র্সা নি র্সা
ম তী, ব দা ন্য তা গু ণ শা ০ লি নী

নি ধ ||
০ ০।

## অন্তরা।

নি র্সা র্সা নি র্সা নি | র্সা র্সা র্সা নি র্সা র্সা
সে না নী নি ক রে স চি ব নি চ য়ে

নি র্সা র্ঋ র্ঋ র্ঋ র্সা | নি র্সা নি ধ ধ ধ
বে ষ্টি ত হ ই য়া প্র জা প রি চ য়ে

ধ নি প ম ম ম ম | ম প প ম গ গ
সু ০ তে র স মা ন পা লি তে ম স দা;

ম ম ধ ধ ধ নি | প র্সা নি র্সা নি ধ ||
ধ্রু বা য় ধা তৃ ক পা ০ লি নী ০ ০।

## সঞ্চারী।

সা ম ম ম ম | ম ম ম গ ম গ ম
ইং ল ণ্ড ভূ মি তাঁ হা রি স ম য়ে স্কট

ম ম গ ম | ঋ ম ম গ গ গ ম গ
ল ণ্ড স হ এ ক ত্রি ত হ য়ে, ধ রি


ম ধ ম ধ | নি সাঁ নি ধ নি ধ ম গ
ল সু না ম গ্রে ০ · ট ব্র টে ন, আ জি

ম ধ | ম গ ঋ ঋ সা ||
ও সে না ম র য়ে ছে;

## আভোগ।

নি সাঁ সাঁ নি সাঁ নি | সাঁ সাঁ সাঁ নি সাঁ সাঁ
কি ন্তু রা ণী আ নী গে ছে ন চ লি য়া

নি সাঁ ঋঁ ঋঁ ঋঁ সাঁ | নি সাঁ নি ধ ধ ধ
অ ম র ন গ রে, রা জ ত্ব ছা ড়ি য়া;


ধ নি প ম ম ম ম | ম প প ম গ গ
গি ০ য়া ছে ষ্টু য়া র্ড কু ল তাঁ র স হ;
ম ম ধ ধ ধ নি | প সা নি সা নি ধ ঃ
আ লো স হ বি ভা গি ০ য়ে ছে ০ ০।

# সপ্তম পরিচ্ছেদ।

## গুয়েল্‌ফ বংশ।

### প্রথম জর্জ।*

কেদারা—একতালা।

গুয়েল্‌ফ-কুলের আদি পুরুষ সুজন,
নিপুণ প্রথম জর্জ বাসব-মতন
ভুজবল প্রকাশিয়া,
সিংহাসনে আরোহিয়া,
হরষে বৃটন-ভুমি
করিলা শাসন ॥ ১ ॥

#### আস্থায়ী।

| ম স্ঋ সা | ম প প | প ম প ধ | নি ধ |
| গু য়ে ল্‌ফ | কু লে র | আ ০ দি পু | রু ষ |

| প ম ম | নি সা নি ধ | নি ধ ম ম |
| সু জ ন, | নি পু ণ প্র | থ ম জ র্জ |

| ম গ প প | গ ম স্ঋ সা | ||
| বা ০ স ব | ম ০ ত ন | |

* ১৬৬০ খৃঃ জন্ম। ১৭১৪ খৃঃ রাজ্যারম্ভ। ১৭২৭ খৃঃ মৃত্যু। ইনি রাজা প্রথম জেম্‌সের প্রপৌত্র।

## অন্তরা।

| প ম ধ প | সা সা সা সা | নি সা নি ধ |
ভু জ ব ল প্র কা শি য়া, সিং হা স নে

| নি ধ প ম | ম ধ্ব সা | ধ সা ধ প ম |
আ রো হি য়া, হ র ষে বৃ টন ভু মি

| ম গ প প | গ ম ধ্ব সা | ::
ক ০ ম্রি লা শা ত স ন।

---

## দ্বিতীয় জর্জ।*


যোগিয়া—ঠুংরি।

প্রথম জর্জ ত্যজিলে জীবন,
দ্বিতীয় জর্জ লভিলা বৃটন;
প্রাতে রবি যথা শোভয়ে গগন,
তেমতি শোভিলা আসনে।
আমেরিকা-দেশে কুইবেক-রণে
স্ববলে হারায়ে চির অরিগণে,
লভিয়া বিজয়, রাখিলা যতনে
অচল সুযশ ভুবনে।

* ১৬৮৩ খৃঃ জন্ম। ১৭২৭ খৃঃ রাজ্যারম্ভ। ১৭৬০ খৃঃ মৃত্যু। ইনি রাজা প্রথম জর্জের পুত্র।

পৃথিবী যেমতি ঘুরিয়া আকাশে,
রবি প্রদক্ষিণ করে বার মাসে ;
এন্‌সন্‌ তথা অসম সাহসে
ভ্রমিলা নিখিল ভূতল ;
সে ভূপ সময়ে চতুর সুবীর,
বীর-কুল-চূড়া সেনাপতি ধীর
ক্লাইব, ভারতে আগমন করি,
জ্বালিলা সমর-অনল।

## আস্থায়ী।



## অন্তরা।

| ম প ধ সাঁ সাঁ সাঁ | সাঁ ঋঁ গঁ ঋঁ সাঁ সাঁ |
আ মে রি কা দে শে কু ই বে ক র গে

| সাঁ ঋঁ মঁ মঁ মঁ মঁ | গঁ গঁ ঋঁ ঋঁ সাঁ সাঁ |
স্ব ব লে হা রা য়ে চি র অ রি গ ণে,


| প ধ সাঁ ঋঁ সাঁ নি | ধ ধ ধ প প গ |
ল ভি য়া বি জ য়, রা খি লা য ত নে

| ম নি ধ প প ম | গ ঋ সা ||
অ চ ল সু য শ ভু ব নে।


## সঞ্চারী।

| সা ঋ ম প ধ প | নি ধ প প ম গ |
পৃ থি বী যে ম তি ঘু রি য়া আ কা শে,

| প ম গ ঋ সা ঋ ম ম | গ গ ঋ সা |
র বি প্র দ ক্ষি ণ ক রে বা র মা সে,


নি সা নি প নি সা | ঋ ম প প ম গ
এ ন্ স ন্ ভ ধা অ স ম সা হ সে
ঋ প ম ম গ ঋ | গ ঋ সা
ভ্র মি লা নি খি ল ভু ভ ল;

আভোগ।


ম প ধ সা সা সা | সা ঋ গ ঋ সা সা
সে ভূ প স ম য়ে চ তু র স্থ বী র,
সা ঋ ম ম ম ম | গ গ ঋ ঋ সা সা
বী র কু ল চূ ড়া সে না প তি ধী র
প ধ সা ঋ সা নি | ধ ধ ধ প প গ
ক্লা ই ব, ভা র তে আ গ ম ন ক রি,
ম নি ধ প প ম | গ ঋ সা
জ্বা লি লা স ম র অ ন ল।

অতি অবিনীত পাপরত চিত,
নিদয় হৃদয়, কাম-পিপাসিত,
মহাশত্রু যত যবননিকরে
জয়িলা ক্লাইব স্ববলে ;
দুরজয় বনে যথা সমীরণ
নোওয়াইয়া ফেলে মহীরুহগণ,
অথবা সাগর-লহরী যেমন
তরিকুলে গ্রাসে কবলে।
জিনিলা সমরে আর্কট নগর,
'সেণ্ট ডেবিড' গড় ভয়ঙ্কর
জিনিলা মান্দ্রাজে, ভারত ভিতর
বাড়িল প্রতাপ তাঁহার ;
উড়িষ্যা-বেহার-বঙ্গ-অধিপতি
সিরাজ্‌উদ্দৌলা যবন কুমতি
পরাজিত হয়ে ক্লাইবের বলে,
ত্যজিল ধরণী-আগার।
ক্লাইবের গুণে কলিকাতা মাঝে
'ফোর্ট উইলিয়ম্' দুর্গ বিরাজে ;
অরিকুল - বীরগণ - দুরজেয়
ভূধরগহ্বর মতন ;
ভারত-কমলা—স্বভাবচঞ্চল—
ক্লাইবের বলে হইলা নিশ্চল ;*
পুরনারী যথা স্বামীর আদেশ
সতত করয়ে পালন॥ ২॥

* এই পদগুলি সঞ্চারী ও আভোগের ন্যায় গেয়।

## তৃতীয় জর্জ্জ।*


সিন্ধুভৈরবী—একতালা।

রাজকুল-মাননীয় বাসব মতন
দ্বিতীয় জর্জ স্বর্গে করিলে গমন,
তৃতীয় জর্জ রাজা
পালন করিতে প্রজা,
রাজদণ্ড ধরি সুখে
শোভিলা আসন।
সে রাজার রাজ্যকালে,
ভারত - দক্ষিণ দেশে
হাইদারআলি ছিল,
অতি দুরজন;
কিন্তু সে জর্জ্জের বলে,
পশিল কালকবলে;
জ্বলন্ত অনলে ক্ষুদ্র
পতঙ্গ যেমন।


### আস্থায়ী।

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | | Δ | ১ | | | | + | | ১ Δ | | |
| প | ম | গ | ঋ | সা | সা | \| | ঋ | ঋ | গ | ম | ম |
| রা | জ | কু | ● ল | মা | ন | | নী | য় | বা | স | ব |


*১৭৩৮ খৃঃ জন্ম। ১৭৬০ খৃঃ রাজ্যারম্ভ। ১৮২০ খৃঃ মৃত্যু। ইনি রাজা দ্বিতীয় জর্জ্জের জ্যেষ্ঠাত্মজ ওয়েল্‌সের যুবরাজ ফ্রেডরিকের জ্যেষ্ঠ পুত্র।



প প প নি ধ প ম গ ম নি ধ প
ম ত ন দ্বি তী য় জ র্জ স্ব র্গে ক রি
ম গ ঋ সা
লে গ ম ন,

## অন্তরা।



সা সা ঋ গ ম প প ম ম ম গ
তৃ তী য় জ র্জ রা জা পা ল ন ক
ঋ ম গ ঋ নি সা গ ম প ধ নি সা
রি তে প্র জা, রা জ দ ণ্ড ধ রি সু খে
নি ধ প ম গ ঋ
শো ভি লা আ স ন।

## সঞ্চারী।


সা সা ঋ ঋ গ ম ম ম গ গ ঋ গ
সে রা জা র রা জ্য কা লে ভা র ত দ




আভোগ।




সুচতুর বীরবর
হেষ্টিংস্ তদন্তর
ভারতশাসক হয়ে,
করে আগমন;

দেখায়ে বীরতা বল,
জ্বালিয়া সমরানল,
রণবিদ্যা-নিপুণতা
করে প্রদর্শন।
কর্ণওয়ালিস পরে,
ভারতশাসক হয়ে,
কল্লীকট্ ভুজবলে
করেন গ্রহণ ;
হাইদার্ আলীর সুত
টেপুসুলতান রণে
পরাজিত হ'ল, ঝড়ে
বায়স যেমন।
শ্রীরঙ্গপট্টনস্থিত
অতুল বিভবশালী,
সুকঠিন গড় তিনি
করেন গ্রহণ ;
তার পর ক্রমে ক্রমে
অতুলিত পরাক্রমে
দিল্লী, আগ্রা, কুর্গ রণে
করিলা অর্জ্জন।
তাঁহারি প্রতাপানল
করেছিল হত-বল
মহারাষ্ট্র মহারাজে ;
তাঁহারি বলে—

বহুকাল বিরাজিত,
ভারতবরষস্থিত
মোগল গৌরবরবি
হইল মগন।
মার্কুইস্ ওয়েলেসলি
শাসিতে প্রজামণ্ডলী
ভারতশাসক হয়ে
করি আগমন;—
বর্ত্তমান মনোহর
গবর্ণমেণ্ট সৌধবর
কলিকাতা নগরীতে
করিলা স্থাপন॥ ৩॥

এই পদগুলি সঞ্চারী ও আভোগের ন্যায় গেয়।

---

## চতুর্থ জর্জ্জ।*

কালাংড়া—মধ্যমান।

সুবীর চতুর্থ জর্জ্জ লভি সিংহাসন,
আক্রমিলা ব্রহ্মরাজে লয়ে সেনাগণ;
যেমতি প্রবল শীত
শরতেরে পরাজিত
করয়ে প্রচণ্ড বলে
সহ সমীরণ।

* ১৭৬২ খৃঃ জন্ম। ১৮২০ খৃঃ রাজ্যারম্ভ। ১৮৩০ খৃঃ মৃত্যু। ইনি রাজা তৃতীয় জর্জের জ্যেষ্ঠ পুত্র।

ছুরজেয় দৃঢ়তর
ভরতপুরের গড়,
আসাম লভিলা স্বীয়
বলে সে রাজন্;
হয়ে প্রজাহিতপর,
উঠাইলা ভূপবর
সহমরণের প্রথা
অতি বিভীষণ।

## আস্থায়ী।


ধ প ম গ ম ম প ধ | প নি ধ প
সু বী র চ তু র্থ জ র্জ ল ভি সিং হা

ম গ সা সা গ ম প ধ নি সা | নি র্ঋ
স ন, আ ক্র মি লা ত্র ম্ব রা জে ল য়ে


সা সা নি ধ প ‖
সে না গ ০ ণ;

## অন্তরা।

নি সা র্ঋ সা | সা সা নি সা নি নি ধ নি |
যে ম তি প্র ব ল শী ত শ র তে রে




নি ধ প প গ ম প ধ | প নি ধ প
প রা জি ত ক র য়ে প্র চ ণ্ড ব লে





ধ ঋ সা সা | নি ধ প
স হ স মী র ০ ণ।



সঞ্চারী।



নি সা ঋ সা | সা সা নি সা সা গ ঋ সা
দু র জে য় দৃ ঢ় ত র ভ র ত পু





নি নি ধ নি গ ম প ধ | প নি ধ প
রে র গ ড়, আ সা ম ল ভি লা স্বী য়

ম ম গ সা | গ
ব লে সে রা জন ;


আভোগ।



নি সা ঋ সা | সা সা নি সা নি নি ধ নি
হ য়ে প্র জ্ঞা হি ত প র, উ ঠা ই লা

নি ধ প প গ ম প ধ | প নি ধ প
ভূ প ব র স হ ম র গে র প্র থা

ধ র্ঋ সা সা | নি ধ প ঃঃ
অ তি বি ভী ষ ০ ণ।

নভে মেঘগতি সম,
বাষ্পযান আরোহণ
করি জন্‌সন্‌ আসে
ভারতে প্রথম ;—
এ ভারতে টঙ্কশাল
নিরমিয়া মহীপাল,
স্বনামচিহ্নিত মুদ্রা
করিলা চলন ॥ ৪ ॥

এই পদগুলি সঞ্চারী ও আভোগের ন্যায় গেয়।

---

## চতুর্থ উইলিয়ম্‌। *

ললিত—একতালা।

চতুর্থ জর্জ বীর জীবন ত্যজিলে পর,
বৃটনের সিংহাসনে বসিলা এ ভূপবর।

---

* ১৭৬৫ খৃঃ জন্ম। ১৮৩০ খৃঃ রাজ্যারম্ভ। ১৮৩৭ খৃঃ মৃত্যু। ইনি রাজা তৃতীয় জর্জের তৃতীয় পুত্র ও চতুর্থ জর্জের কনিষ্ঠ সহোদর

লণ্ডনে যতনে তাঁরি
বেগশীল, রবকারী
বাষ্পীয় শকট চলে,
গমনে কাঁপে ভূধর।

তাঁহারি রাজত্বকালে
বিভূষিয়া গুণজালে,
বেণ্টিঙ্ক্ ভারতে আসি,
হিতকামনায় ;—

করিলেন প্রচলিত
বহুগুণ - বিভূষিত
ইংলণ্ডীয় ভাষা, ঋণে
বাঁধিয়া প্রজানিকর ॥ ৫ ॥

## আস্থায়ী।



## অন্তরা।

ধ প ম প | ধ সা সা সা | সা ঋ ঋ ঋ |
ল গু নে য ত নে তাঁ রি বে গ শী ল,

সা গ ঋ সা | নি ধ প ধ সা সা | ঋ সা |
র ব কা রী ০ ০ বা ষ্পী য় শ ক ট

নি ধ | প ম ম ধ | প ম গ সা ||
চ লে, গ ম নে কাঁ পে ভু ধ র।


## সঞ্চারী।

সা সা সা সা | সা ঋ ঋ ঋ | সা ঋ ম ম |
তাঁ হা রি রা জ ত্ব কা লে বি ভু ষি য়া

ম প ম গ | সা গ ঋ সা | নি সা সা ঋ |
গু ণ জা লে, বে ষ্টি স্ক ভা র তে আ সি,

ম ম গ গ | ঋ সা ||
হি ত কা ম না য়;

## আভোগ।




---


## ভিক্‌টোরিয়া।*

বারঞা—ঠুংরি।


অয়ি গো করুণাময়ি জননি ভিক্‌টোরিয়ে!  
তোমার যশের ভাতি ভাতিছে ক্ষিতি ভরিয়ে।  
বহুবিধ গুণাকর  
উইলিয়ম ভুপবর  
তেয়াগিয়ে কলেবর,  
স্বরগে গেলে চলিয়ে;

* ১৮১৯ খৃঃ ২৪এ মে জন্ম এবং ১৮৩৭ খৃঃ ২০এ জুন হইতে রাজ্যারম্ভ।

## আস্থায়ী।


অ য়ি গো ০ ক রু ০ ণা ম য়ি জ ন নি
ভি ক্টো রি য়ে! তো মা র য শে র ভা তি
ভা তি ছে ক্ষি তি ভ রি য়ে।

## অন্তরা।


ব হু বি ধ গু ণা ক র উই লি য় ম
ভূ প ব র ত্তে য়া গি য়ে ক লে ব র,
স্ব র গে গে লে চ লি য়ে;

একতালা।

হে মাত, সুশান্ত মতি
প্রজা সকলের প্রতি
বিবিধ উপায়ে সুখ
করিতেছ বিতরণ ;
যাহারা অবশীভূত,
তাহাদেরে সমুচিত
রাজোচিত দণ্ডদানে
দমিতেছ অনুক্ষণ।

**সঞ্চারী।**

| সা সা সা সা | সা ঋ ঋ ঋ | নি ঋ ম ম |

হে মা ত, সু শা স্ত ম তি প্র জা স ক

| ম ম প ম গ | ধ ধ ধ ধ | প প

লে র ০ প্র তি বি বি ধ উ পা য়ে

ম ম | গ ঋ সা ঋ ম | গ ঋ | সা ‖

সু খ ক রি তে ছ বি ত র ণ;

**আভোগ।**

| প ধ ম প | ধ সা সা সা | সা ঋ ঋ ঋ |

যা হা রা অ ব শী ভু ত তা হা দে রে

সাঁ গ ঋ সাঁ নি | ধ প ধ সাঁ সাঁ | সাঁ নি

স মু চি ত ০ ০ রা জো চি ত দ ণ্ড

ধ প | ম গ ম ধ প ম | গ ঋ ঃঃ

দা নে দ মি তে ছ অ নু ক্ষ ণ।

কি ধনী বৈভব-পতি,
কি দীন নির্ধন অতি,
হতেছে সবার প্রতি
দয়া তব বরিষণ ;
গর্ভজ সন্তান ভেবে,
জননী যতনে সবে
স্নেহের কটাক্ষপাতে
করিতেছ সুপালন ॥ ৭ ॥

এই পদগুলি সঞ্চারী ও আভোগের ন্যায় গেয়।

---

পরজ—একতালা।

সুখকর সুধাকর সুধাময় করে গো,
অমল, সমল দ্রব্য সমুজ্জ্বল করে গো ;
জননি, তোমার তথা
গুণরাশি অনুগতা
মঙ্গল - দায়িনী দয়া
মেদিনী উপরে গো ;

## আস্থায়ী।

প ধ | নি সা নি নি ধ প ম প | ধ ম
সু খ ক র সু ধা ক র সু ধা ম য়

গ ঋ সা | সা সা গ গ গ গ ম ধ নি সা |
ক রে গো, অ ম ল, স ম ল দ্র ব্য স মু

নি সা ঋ সা নি ||
জ্জ্ব ল ক রে গো;

## অন্তরা।

| প ধ নি সা ঋ সা নি সা | গ ঋ সা নি
জ ন নি, তো মা র ত থা গু ণ রা শি

ধ সা নি ধ | প ম ধ প ম গ ঋ সা |
অ নু গ তা ম ঙ্গ ল দা য়ি নী দ য়া

গ ঋ সা নি সা নি ধ ঃঃ
মে দি নী উ প রে গো;

কি অধম, কি উত্তম,
সকলই দীপ্ততম,
হেন দয়া অনুপম
কে করে অপরে গো? ॥ ৮ ॥

এই পদটী অন্তরার ন্যায় গেয়।

---

পরজ—ঝাঁপতাল।

কিবা ধনী কিবা দীন সকল প্রজার,
বিদ্যা দানে উপকার করিতে সবার
সুধীগণে প্রপূরিত,
সুহিত করি নিহিত,
স্থাপন ক'রেছ বহু
বিদ্যার আগার ॥ ৯ ॥

**আস্থায়ী।**

নি নি সাঁ সাঁ নি ধঁ প প | মঁ পঁ ধঁ মঁ
কি বা ধ নী, কি বা দী ন স ক ল প্র

গ ঋঁ সাঁ | সাঁ সাঁ গ গ মঁ ধঁ নি সাঁ |
জা ০ র, বি দ্যা দা নে উ প কা র

গ ঋঁ সাঁ নি ধঁ সাঁ নি ‖
ক রি তে স বা ০ র

অন্তরা।

নি সাঁ গ ম ধ নি সাঁ সাঁ | নি ধ প ম

সু ধী গ ণে প্র পূ রি ত সু হি ত ক

ধ প ম গ | প মঁ গ ঋ গ ঋ সা সা |

রি নি হি ত স্থা প ন ক রে ছ ব হু

গ ঋ সা নি ধ সাঁ নি ঃঃ

বি দ্যা র আ গা ০ র।

---

সুরট—শ্লথ-ত্রিতালী।

হে মাত, মানবগণ ব্যাধির পীড়নে
নিপীড়িত অহরহ বিষাদিত মনে,
রাজ্যসুখ সুত দারা
অকালে হইয়ে হারা,
অকালে আতিথ্য লভে
কালের সদনে!

তুমি, মাত, সেই হেতু
পর - উপকার - সেতু
স্থাপিলে পীড়া-সাগরে
চিকিৎসক নিয়োজনে;

এ হেতু সুকীর্ত্তি তব
একাননে কত কব?
রসনা চতুরা কার
বচনরাজি রচনে?

## আস্থায়ী।

ঋ ঋ ম গ | ম প প সা নি ধ প প
হে মা ত, মা ন ব গ ণ ০ ০ ব্যা ধি

ধ প ম | গ ঋ সা নি নি নি নি | সা সা
র ০ পী ড় ০ নে নি পী ড়ি ত অ হ

নি সা নি ঋ সা নি | ধ ম প সা নি ধ
র হ বি ষা দি ত ম ০ নে ০ ০ ০,

প প ধ প ম | গ ঋ সা ||
(ব্যা ধি র ০ পী ড় ০ নে)।

## অন্তরা।

ম প নি নি | সা সা নি সা ধ নি ধ প |
রা জ্য সু খ সু ত দা রা অ কা লে হ

ম প সা ঋ ঋ সা সা সা সা | ঋ সা নি

ই য়ে ০ হা রা, অ কা লে আ তি ০ থ্য

ধ প ঋ ঋ ম ম | ম গ ঋ সা ||

ল ভে কা লে র ॰ স দ ০ ০ নে;

## সঞ্চারী।

ঋ ঋ ম গ | ঋ ঋ ঋ ঋ ঋ গ ম প |

তু মি মা ত, সে ই হে তু প র উ প

ম গ ঋ সা ঋ ঋ ম ম | প প ধ ধ

কা র সে তু স্থা পি লে পী ড়া সা গ রে

ধ নি ধ প | ম ধ প প ||

চি কিৎ স ক নি য়ো জ নে।

## আভোগ।

ম প নি নি | সা সা নি সা ধ নি ধ প |

এ হে তু সু কী র্ত্তি ত ব এ কা ন নে

ম প সা ঋ ঋ সা সা সা সা | ঋ সা নি

ক ত ০ ক ব র স না চ তু ০ রা

ধ প ঋ ঋ ম ম | ম ম গ ঋ সা সা ঃঃ

কা র ব চ ন রা জি র ০ ০ চ নে।

একতালা।

নিরদয় দস্যুগণ
করি সদা প্রপীড়ন
যে দেশের নরকুলে
পাঠাইত যমালয়ে ;
সুখী সবে এবে তথা,
কি কব সে সুখ কথা,
পিতার কোলেতে যেন
বসি সবে নিরভয়ে॥ ১০ ॥

**সঞ্চারী।**

ঋ ঋ ম গ | ঋ ঋ ঋ ঋ | ঋ গ ম প |

নি র দ য় দ স্যু গ ণ ক রি স দা

ম গ ঋ সা | ঋ ঋ ম ম | প প ধ ধ |

প্র পী ড় ন যে দে শে র ন র কু লে

ধ নি ধ প | ম ধ প প ||
পা ঠা ই ত য মা ল য়ে;

### আভোগ।

ম প নি নি | র্সা র্সা র্সা র্সা | নি র্সা র্ঋ র্ম |
সু খী স বে এ বে ত থা, কি ক ব সে

র্ঋ র্সা নি ধ প | নি নি নি নি | র্সা র্সা নি র্সা |
সু খ ক ০ থা, পি তা র কো লে তে যে ন

নি র্ঋ র্সা নি | ধ ম প ধ ::
ব সি স বে নি র ভ য়ে।

---

যোগিঞা-ভৈরব—একতালা।

তুমি গো জননি, রাজত্ব গ্রহণ
করিলে, কাবুলে ঘটিল যে রণ,
তব সেনাপতি রণ - বিচক্ষণ
সে রণে জয়শ্রী লভিলা বলে;
সমর-লোলুপ চৈন সেনাগণে
পরাজয়ি রণে রণ - হুতাশনে,
হঙ্কং লভি অনতি যতনে,
বাড়ালে সুযশ আরো ভূতলে।

বিধিমতে দিয়ে রণপরিচয়,
সিন্ধুদেশাধিপে করি পরাজয়,
জিতিয়ে তাঁহার রাজ্য সমুদয়,
অনাসে আনিলে আপন বশে।
বিভব-কুবের বলশালী অতি
ওয়াজিদালি শা অযোধ্যার পতি,
সমরে তাঁহার করি দুরগতি,
উড়ালে পতাকা অযোধ্যা দেশে।

## আস্থায়ী।


সা সা গ গ ঋ সা | নি সা নি ধ ধ নি
তু মি গো জ ন নি, রা জ ত্ব গ্র হ ণ

সা সা ম ম ম ম | গ ঋ ম ম গ গ
ক রি লে, কা বু লে ঘ টি ল যে র ণ,


ম ম ম ম ম ম | ম প প ম গ গ
ত ব সে না প তি র ণ বি চ ক্ষ ণ

ম ম ধ ধ প ম | গ ঋ ম ম গ ||
সে র ণে জ য় শ্রী ল ভি লা ব লে।

## অন্তরা।


ম ধ ধ ধ ধ নি | নি সা সা সা সা নি
স ম র লো লু প চৈ ন সে না গ ণে
সা সা গ গ ঋ সা | নি সা নি ধ প ম
প রা জ য়ি র ণে র ণ হু তা শ নে,
ঋ ম ম ম ম ম | ম প প ম গ গ
হ ঙ ক ঙ ল ভি অ ন তি য ত নে,
ম ম ধ ধ প ম | গ ঋ ম ম গ ||
বা ড়া লে সু য শ আ রো ভূ ত লে।

## সঞ্চারী।


ঋ সা ম ম ম ম | প প প প প প
বি ধি ম তে দি য়ে র ণ প রি চ য়,
প ধ ধ ঋ সা সা | নি নি ধ প ম গ
সি ন্ধু দে শা ধি পে ক রি প রা জ য়,

ম নি ধ প ম গ | ঋ ম গ গ ঋ সা

জি তি য়ে তাঁ হা র রা জ্য স মু দ য়,

ঋ ম প ধ প ম | গ গ ঋ ঋ সা ||

অ না সে আ নি লে আ প ন ব শে।

## আভোগ।

ম ধ ধ ধ ধ নি | নি সাঁ সাঁ সাঁ সাঁ নি

বি ভ ব কু বে র ব ল শা লী অ তি

সাঁ সাঁ গাঁ গাঁ ঋঁ সাঁ | নি সাঁ নি ধ প ম

ও য়া জি দা লি শা অ যো ধ্যা র প তি,

ঋ ম ম ম ম ম | ম প প ম গ গ

স ম রে তাঁ হা র ক রি তু র গ তি,

ম ম ধ ধ প ম | গ ঋ ম ম গ ∷

উ ড়া লে প তা কা অ যো ধ্যা দে শে।

দিল্লী - ভুপালের সেনা সমুদয়
সমর-প্রাঙ্গণে করি পরাজয়,
রাখিলে সুযশ, লভিলে বিজয়,
স্থাপিলে প্রভুতা বিশেষরূপে।

মত্তকরী সম ব্রহ্মদেশ-পতি
অরাতি-বিনাশী, বলশালী অতি,
শির-ভূষা পেগু নগর তাঁহার
অনায়াসে লইলে বীরতা দাপে।

গোয়ালিয়রের রণ - যজ্ঞ মাঝে
সেনানী তোমার যাজ্ঞিকের সাজে,
অরি-দেহ-সৃত শোণিতের ধারে
লভিলা জয়শ্রী পরম ফল।


শিখজাতীশ্বর বীর অবতার
রণজিৎ সিংহ বীরতা-আধার,
তুমি গো জননি, স্ববলে তাঁহার
হরণ করিলে অসীম বল॥ ১১॥

এই পদগুলি সঞ্চারী ও আভোগের ন্যায় গেয়।

ভৈরবী—শ্লথ ত্রিতালী।

ত্রেতাযুগে দাশরথি (রামায়ণে লেখা আছে)
সাগরে বাঁধিলা সেতু অনায়াসে শিলা গাছে।
তুমি গঙ্গা যমুনায়,
শোণের বিশাল কায়
নির্ম্মাইলে চারু সেতু
তলায় লহরী নাচে ॥ ১২ ॥

## আস্থায়ী।



## অন্তরা।

সা সা সা ঋ | গ ম ম ম গ গ ঋ গ |

তু মি গ ঙ্গা য মু না য়, শো ণে র বি

সা গ ঋ সা ধ ধ ধ ধ | প নি ধ প

শা ল কা য় নি র্ম্মা ই লে চা রু সে তু,

ম নি ধ প | ম গ ঋ গ ঋ সা ঋ ম |

ত লা য় ল হ রী না চে। (রা মা য় ণে

গ গ ঋ সা ঃঃ

লে খা আ ছে )

---

ভৈরবী—একতালা।

আভা যার নিরখিয়ে নিশাপতি লাজ পায়,
এ হেন গ্যাসের আলো হেরিনু তব কৃপায়।
নিশাগম্য পথ চয়
এবে গো আলোকময়,
চাঁদের চাঁদনী-ছটা
এবে আর কেবা চায়? ১৩॥

## আস্থায়ী।

ম গ ঋ সা | সা গ ঋ গ | ঋ সা ঋ ম |

আ ভা যা র নি র খি য়ে নি শা প তি

গ গ ঋ | সা ধ ধ ধ ধ | প নি ধ গ |

লা জ পা য়, এ হে ন গ্যা সে র আ লো

ম নি ধ প | ম গ ঋ | সা ||

হে রি নু ত ব রূ পা য়।

অন্তরা।

ঋ সা ঋ নি | সা গ ঋ গ | ঋ গ ম প |

নি শা গ ম্য প থ চ য় এ বে গো আ

ম গ ঋ | সা ধ ধ ধ ধ | প নি ধ গ |

লো ক ম য়, চাঁ দে র চাঁ দ নী ছ টা

ম নি ধ প | ম গ ঋ | সা ঃঃ

এ বে আ র কে বা চা য়?

বেগশালী বাষ্পরথ
ঘণ্টায় দিনের পথ
ছুটে যায়; এ ভারতে
তুমি গো ছুটালে তায়।

মনের সমান ধায়,
যথায় তথায় যায়;
এ হেন তাড়িত যন্ত্র
ভারতে তব কৃপায়।

আরো আমাদের তরে
নিয়ত যতন ক'রে,
কতই সাধিছ হিত,
এক মুখে কব কায়?

প্রতিলোমকূপ যদি
কথা কয় নিরবধি,
তথাপি করিতে শেষ
নারিবে নারিবে তায়॥ ১৪॥

এই পদগুলি আস্থায়ী ও অন্তরার ন্যায় গেয়।

---


## উপসংহার।

ভৈরবী।

প্রস্তারিকা।

ভারতীয় কতিপয় শান্তচিত অতিশয়
বিদ্বান্ মনুজ জ্ঞানবান্;
সাগর লঙ্ঘিয়া কেহ, সুরালয় সম গেহ
ইংলণ্ডে করিয়া প্রস্থান;

কেহ বা অতুল বলে, কেহ বা বিভব-ফলে,
কেহ রণ-কাজের ঘটনে,
তব পদ-শতদলে স্ব স্ব পরিচয় বলে,
কত সুখ তাদের জীবনে।



গ স্ক সা গ স্ক সা নি ধ প ম ম | প প
ব ফ লে, কে হ র ণ কা জে র ঘ ট নে,

সা সা সা প প ধ প | ধ ম প নি ধ
ত ব প দ শ ত দ লে স্ব স্ব প রি

প ম গ গ সা স্ক গ ম গ | গ গ গ
চ য় ব লে, ক ত সু খ তা দে র জী

গ স্ক সা ঃঃ
ব ০ নে।

কিন্তু আমি অতি দীন, পূর্ব্বোক্ত উপায়হীন,
তব পাশে কে লবে আমায়?
কেমনে তোমার পদ, আশ্রিতের অভয়দ,
নিরখিয়ে পূরাব আশায়!
জননীর সহ যদি, তনয়ের অদ্যাবধি,
না ঘটিল নিজ পরিচয়,
তবে এ জীবন-ভার, বহিতে বাসনা কার?
সুখশূন্য এ ছার হৃদয়!
মনে ভাবি এই মত, ত্যজিনু বাসনা যত,
সবিষাদে করিনু শয়ন;
হেনকালে নিদ্রা মোরে, লইল কোলেতে ক'রে,
ক্ষণ পরে দেখিনু স্বপন;—

শিয়রেতে বীণাপাণি, শ্বেতপদ্মকায় বাণী,
সকল আশঙ্কা নিবারিণী,
সরল সুদৃষ্টিপাতে, কর বুলাইয়ে মাথে,
কহিলেন প্রসন্নবদনী ;—
"উঠ বাছা ত্বরা ক'রে, স্মরহ হৃদয়ে মোরে,
আমি গীতকাব্য-অনুরতা ;
আমারে স্মরিলে তোর, ছিঁড়িবে দুঃখের ডোর,
ফলবতী হবে আশা-লতা।"
স্বপনে বাণীরে পেয়ে, যতনে হৃদয়ে থুয়ে,
মৃত আশা জীবন্ত হইল ;
বেদ সম বাক্য তাঁর, স্বস্তিদ সত্যের সার,
মনে মোর জাগিয়া উঠিল।
হয়ে তাই কুতূহলী, অতীব যতনে তুলি,
তব বংশাবলী-গুণ-ফুল,
কাব্য-সূত্রে সযতনে, গাঁথিলাম হৃষ্টমনে,
ক্ষুদ্র মালা সাজায়ে আমুল।
যদিও এ কাব্য মম, সুকবির কাব্য সম,
রস-গুণ-ভাব-পূর্ণ নয় ;
তথাপি তোমার করে, অরপিতে আশা করে,
এ দীনের উৎসুক হৃদয়।
সন্তানের কৃত যাহা, মায়ের নয়নে তাহা,
অবশ্যই দর্শনীয় হয় ;

মায়ের নয়ন-মণি, জগতে পরশ-মণি,
যা পরশে তাই হেম হয়।
মায়ের নয়ন-পথে, কসিত কনক হ'তে,
কাল ছেলে ভাল অবিরত;
সন্তানের দোষ যত, গুণে হয় পরিণত,
জননীর স্নেহে স্বভাবত।
যা হ'ক্ যে দেবী-বরে, জড়মতি মূক নরে,
দুর্লভ বাগ্মিতা লাভ করে;
পাদ-পদ্ম সে দেবীর, কাণ্ডারী করিয়ে স্থির,
জলনিধি তরিবার তরে,
সামান্য এ কাব্য, দেবি, ভাসাইনু ভেলা ভাবি,
পরশিতে তব পদতল;
কিন্তু নাহি জানি মনে, বিধির ঘটনাক্রমে,
ভাগ্যে মোর ঘটিবে কি ফল॥ ১॥

এই পদগুলি পূর্ব্ববৎ গেয়।

---

টোড়ী—চৌতাল।

ঠাকুর আখ্যাত দ্বিজকুলেতে জনম, দেবি,
শৌরীন্দ্রমোহন মম নাম;
অয়ি মা ভারতেশ্বরি, দুর্লভ করুণা তব
করযোড়ে যাচি অবিরাম॥ ২॥

**আস্থায়ী।**

\+ ০ ১ ০ ১ ১ | + ০
নি ধ প ম প গ ম প গ | ম প ধ প
ঠা ০ কু র আ খ্যা ত দ্বি জ কু লে তে জ

ম গ গ ঋ সা | সা সা নি ধ প ম প

ন ম, দে ০ বি, শৌ ০ রী ন্দ্র মো হ ন

ম গ ঋ সা ||

ম ম না ম;

## অন্তরা।

প ম নি ধ ধ নি নি সা সা | গ গ গ

অ য়ি মা ০ ভা র তে শ্ব রি, দু র্ল ভ

গ গ ঋ ঋ সা সা | প গ ঋ সা নি ধ

ক রু ০ ণা ত ব ক র যো ড়ে যা চি

প ম গ ম প ::

অ ০ বি রা ম।

## সমাপ্ত।

*Printed by I. C. Bose & Co., Stanhope Press, 249, Bow-Bazar Street, Calcutta, for the Publisher.*